

## বটিয়াখাটায় শিক্ষার্থী সংকট ১৭টি প্রাথমিক বিদ্যালয় বন্ধের তালিকা

। বটিয়াখাটা (পুলনা) সংবাদদাতা ।  
ছাত্র-ছাত্রীর অভাবে বটিয়াখাটা উপজেলার  
৯টি সরকারি ও ৮টি বেসরকারি প্রাথমিক  
বিদ্যালয় বন্ধ হয়ে যাচ্ছে। ৬৮ জন শিক্ষক  
বেকর হয়ে পড়ার আশংকা রয়েছে। ৬৯৯ জন

শিক্ষার্থীর অনেকেই সেখানড়া ছেড়ে দেয়ার  
আশংকা দেখা দিয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের  
নির্দেশে উপজেলা শিক্ষা অফিস নীতিমালা  
বহির্ভূত ১৭টি প্রাথমিক বিদ্যালয়ের তালিকা  
ইতিমধ্যে মন্ত্রণালয়ে পাঠিয়েছে। নীতিমালা  
অনুযায়ী এসব ক্ষেত্রে পর্যাপ্ত ছাত্র-ছাত্রী নেই। প্রতি  
বিদ্যালয়ে সর্বনিম্ন ৫০ জন ছাত্র-ছাত্রী থাকতে  
হবে। উপজেলার ৬৭টি সরকারি, ৪৫টি  
বেসরকারি রেজিস্টার্ড, ৩টি কমিউনিটি ও ১টি  
রেজিস্ট্রিবিহীন প্রাথমিক বিদ্যালয় রয়েছে।  
শিক্ষার্থী সংকটে কৃষ্ণ শপুরা, দেবীতলা (১),  
বগারভাঙ্গা, শাংকেশ্বরী, পূর্ব হালিয়া, দেবীতলা  
(২), মাইটভাঙ্গা, বরনপাড়া, পশ্চিম হালিয়া  
সরকারি ও জনমা কছুরিয়া, আছারিয়া  
কনসাল্ট, টেরোমারী, হালিয়া এমএল, চরকাপী  
মাহালিয়া, বরনপাড়া গোপাল খন্দী, হাটবারি  
দক্ষিণ প্রাথমিক বিদ্যালয় বন্ধ হতে চলেছে।  
মণ্ডিক পাড়া কমিউনিটি প্রাথমিক বিদ্যালয়ও এই  
তালিকায় রয়েছে। প্রাথমিক শিক্ষা কর্মকর্তা  
শামসুর রহমান জানান, প্রত্যন্ত এলাকায় এসব  
বিদ্যালয়ের প্রয়োজন রয়েছে।